

## নির্বাচন মেরুকরণে সনিয়া গান্ধীর প্রয়াস ব্যর্থ

অরুণ জেটলি, রাজ্যসভার বিরোধী দলনেতা

০২-০২-২০১৪

অগাস্টা ওয়েস্টল্যান্ড ভিভিআইপি হেলিকপ্টার ডিল যা ইন্ডিয়ান এক্সপ্রেসে প্রকাশিত হয়েছে, তা ১৯৮০ র শেষে যা প্রকাশ্যে এসেছিল তারই পুনরাবৃত্তি। মার্টিন আর্টবোর ডায়েরি সিজ করা হয়েছিল। বোফর্স কামান যারা বানাত সেই কোমপানির প্রধান ছিলেন তিনি। এই ডায়েরি থেকে অনেক কিছু প্রকাশ্যে এসেছিল। যেমন ইঙ্গিত মিলেছিল 'কিউ' নামে একজনকে নিরাপত্তা দেওয়ার বিষয়টা। খুব কাছ থেকে যারা বিষয়টার উপর নজর রেখেছিলেন তারা বুঝতে পেরেছিলেন এই 'কিউ' কে? ১৯৯৩ এ বোফর্স এর ঘুসের টাকা কোন কোন অ্যাকাউন্টে জমা পড়েছিল তার বিস্তারিত তথ্য জানিয়েছিল সুইস কর্তৃপক্ষ। তার থেকে পরিষ্কার উল্লেখযোগ্য অঙ্কের টাকা যার অ্যাকাউন্টে জমা পড়েছিল তিনি ছিলেন 'কিউ'। 'কিউ' কে ভারত থেকে পালিয়ে যেতে দেওয়া হয়েছিল। বাকিটা ইতিহাস।

ভিভিআইপি হেলিকপ্টার লেনদেন এর ক্ষেত্রেও ঘুসের আদানপ্রদান হয়েছে। রক্ষনাত্মক ইউপিএ সরকার এই চুক্তি বাতিল করেছে। এই চুক্তির ক্ষেত্রে ভারত সরকারের তরফ থেকে সিদ্ধান্ত গ্রহণে কে সর্বাধিক ভূমিকা নিয়েছিলেন সে ব্যাপারেও উল্লেখ রয়েছে ইন্ডিয়ান এক্সপ্রেস। এমনকি ইটালীয় মধ্যস্থতাকারীরাও উপলব্ধি করেছিলেন যে ভারতের তরফে সিদ্ধান্তে, ভূমিকা ছিল সনিয়া গান্ধীর। প্রধানমন্ত্রী তাঁর পরামর্শদাতাদের একজনমাত্র। মধ্যস্থতাকারীরা খুবই চতুর মানুষ। উপসংহারে পৌঁছানোর আগে তারা তাদের হোমওয়ার্ক সেরে ফেলে। অ্যাকাউন্ট শিটে তাদের শব্দ সংক্ষেপ মার্টিন আর্টবোর ডায়েরির কথাই মনে করাচ্ছে আমাকে।

সনিয়া গান্ধীরও বিষয়টা নিয়ে চিন্তিত হওয়া উচিং। দেশ এবং দেশের বাইরের মানুষের কি করে সরকার সমপর্কে সম্যক উপলব্ধি হচ্ছে? এটা কি স্বর্ণ খননকারীদের সরকার? তাঁর নেতৃত্বে ইউপিএ সরকার কি দাশকে চুরির বাতিকগ্রস্ততার পথে এগিয়ে দিচ্ছে? যে সরকারকে তিনি নিয়ন্ত্রণ করেন তা কি একটা আবর্জনা যন্ত্র? এমনিতেই এই সরকারের দুর্নীতিগ্রস্ত ভাবমূর্তি। অর্থনৈতিক ক্ষেত্রে এদের কাজকর্ম খুবি বিরক্তিকর। ২০১২-১৩ আর্থিক বছরে জিডিপি নেমে গেছে ৪.৫ শতাংশে। ইউপিএ ২ এর আর্থিক সাফল্যের পরিসংখ্যান বিশেষত চিদাম্বরমের সময়, পোস্টাল স্ট্যাম্পের পিছনেও লেখা যাবে। সাম্প্রতিক নির্বাচনের ফলাফলে এর প্রভাব পড়েছে। ২০১৪ র ভোটে যাঁকে তাঁরা নেতা হিসেবে তুলে ধরছে তিনিও কোনও ছাপ রাখতে পারেননি।

এই সমস্ত প্রতিকুলতার মুখোমুখি হয়ে ইউপিএ চেয়ারপার্সন বেপরোয়া হয়ে পড়েছেন। তাঁর বিষচামের মন্তব্য উন্নয়ন ভুলে সাম্প্রদায়িকতার ভিত্তিতে নির্বাচন করার চেষ্টা। কি কারণে তিনি এত বেপরোয়া বোঝা যাচ্ছে। কিন্তু তাঁর সাম্প্রদায়িকতার ভিত্তিতে নির্বাচনের এই চেষ্টা ফলদায়ক হবেনা।